



মাস্টার অব এডুকেশন ইন এডুকেশনাল এ্যাডমিনিস্ট্রেশন এন্ড লিডারশীপ কার্যক্রমে
২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

তারিখ: ০৯ এপ্রিল ২০২৫

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিজ্ঞান অনুষদের আওতাধীন শিক্ষা প্রশাসন বিভাগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে মাস্টার অব এডুকেশন ইন এডুকেশনাল এ্যাডমিনিস্ট্রেশন এন্ড লিডারশীপ (Master of Education in Educational Administration and Leadership) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ১০ মার্চ ২০২৫ তারিখ হতে ২৪ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন ফর্ম বিভাগীয় অফিস থেকে সংগ্রহ ও জমা প্রদান করতে হবে। আবেদন ফর্মের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য)।


- ১) ডিগ্রী: মাস্টার অব এডুকেশন ইন এডুকেশনাল এ্যাডমিনিস্ট্রেশন এন্ড লিডারশীপ (Master of Education (M.Ed) in Educational Administration and Leadership)
- ২) ডিগ্রীর সময়কাল: ১ বছর।
- ৩) ভর্তি প্রক্রিয়া: আবেদনকারীকে বিভাগীয় ভর্তি কমিটির নিকট লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/স্বাক্ষাৎকার প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ৪) ভর্তির যোগ্যতা:
 - প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে ৪ বছর মেয়াদী ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) ইন এডুকেশনাল এ্যাডমিনিস্ট্রেশন অথবা ৪ বছর মেয়াদী ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) ডিগ্রী থাকতে হবে।
 - বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী/ডিপ্লোমা সনদের সমতায়ন পত্র থাকতে হবে এবং অবশ্যই আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
 - বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু শিক্ষার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তিকৃত কিনা কিংবা কোন প্রতিষ্ঠানে চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত শিক্ষার্থীদের ভর্তির জন্য বিবেচনা করা হবে।
 - আবেদনপত্র অবশ্যই প্রার্থী নিজে কিংবা প্রার্থীর মনোনীত প্রতিনিধি কর্তৃক স্বশরীরে বিভাগীয় অফিসে জমা দিতে হবে।
 - নির্ধারিত তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায়/স্বাক্ষাৎকার কার্যক্রমে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
 - লিখিত পরীক্ষায়/স্বাক্ষাৎকার কার্যক্রমে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
 - শিক্ষা বিজ্ঞান অনুষদের শিক্ষার্থীদের জন্য ভর্তির ডকুমেন্টের ক্ষেত্রে স্নাতক সনদের পরিবর্তে Appeared Certificate-ও গ্রহণ করা যাবে।
 - শিক্ষা প্রশাসন বিভাগের যে সমস্ত শিক্ষার্থীর স্পেশাল টার্ম রয়েছে তারাও আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে স্পেশাল টার্ম পাশ করলেই তারা ভর্তির যোগ্যতা অর্জন করবে।
 - অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।



৫) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

- শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং সনদপত্রের সত্যায়িত কপি।
- ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি।
- ভর্তি ফরম জন্মের রশিদের ফটোকপি।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে শ্রেণীকার্যক্রমে অংশগ্রহণ ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে ০২ সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের পূর্ণকালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে অনাপত্তিপত্র/প্রত্যয়নপত্র/অফিস আদেশের মূলকপি।

ধন্যবাদান্তে



০২/০৪/২০২৫

(জি এম রাকিবুল ইসলাম)

সহকারী অধ্যাপক ও

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

শিক্ষা প্রশাসন বিভাগ ও সভাপতি


মাস্টার অব এডুকেশনাল এডমিনিস্ট্রেশন ভর্তি কমিটি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪



০২/০৪/২০২৫



০৭.০৪.২০২৫



০৭.০৪.২০২৫